গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা)
১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ফোন ঃ ৯১৪ ০১২৫; ৮১৮ ৯২২৭; ৮১৫ ৯০৬২।
ফ্যাক্স ঃ ৮১৫ ৫৭৪৩;
Web Site: www.berc.bd.org

# সিটিজেন চার্টার

## (নাগরিক সনদ)

পকাশকাল ঃ জুন ২০১৩

বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম ব্যবহারে সাশ্রয়ী হোন,
জাতীয় উন্নয়নে অবদান রাখুন।

বিদ্যুৎ উৎপাদন এবং গ্যাস সম্পদ ও পেট্রোলিয়ামজাত পদার্থের সঞ্চালন, পরিবহন ও বাজারজাতকরণে বেসরকারি বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি, এ সকল খাতে ব্যবস্থাপনা, পরিচালনা ও ট্যারিফ নির্ধারণে স্বচ্ছতা আনায়ন, প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি ও ভোক্তা স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর অধীনে ২০০৪ সালে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন প্রতিষ্ঠিত হয়েছে।

## কমিশনের উলেস্নখযোগ্য কার্যাবলী

(১) বিদ্যুৎ উৎপাদন এবং এনার্জি সঞ্চালন, বিপণন, সরবরাহ, মজুতকরণ ও বিতরণ; এর দক্ষ ব্যবহার, সেবার মান, ট্যারিফ নির্ধারণ ও এনার্জি নিরাপত্তার উন্নয়ন;

(২) এনার্জি ব্যবহারকারী প্রতিষ্ঠানের দক্ষতা, এর যন্ত্রপাতি ও সরঞ্জামের মান নিরূপণ এবং জ্বালানী ব্যবহারে দক্ষতা বৃদ্ধি ও সাশ্রয় নিশ্চিত করা;

(৩) প্রতিষ্ঠানগুলোর লাইসেন্স প্রদান, নবায়ন, বাতিল, সংশোধন, লাইসেন্সের শর্ত নির্ধারণ, লাইসেন্সের প্রয়োজনীয়তা হতে অব্যাহতি প্রদান এবং অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক পালনীয় শর্ত নির্ধারণ;

(৪) গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কোড ও স্ট্যান্ডার্ডস্ প্রণয়ন ও এগুলোর প্রয়োগ বাধ্যতামূলক করা;

(৫) লাইসেন্সীর সামগ্রিক পরিকল্পনার ভিত্তিতে স্কীম অনুমোদন;

(৬) লাইসেন্সীদের মধ্যে পারস্পরিক প্রতিযোগিতামূলক পরিস্থিতি সৃষ্টিতে উৎসাহ প্রদান;

(৭) লাইসেন্সীদের মধ্যে এবং লাইসেন্সী ও ভোক্তাদের মধ্যে সৃষ্ট বিরোধ মীমাংসার উদ্যোগ গ্রহণ করা।

(৮) অসাধু বা একচেটিয়া (monopoly) ব্যবসা সম্পর্কিত বিরোধের প্রতিকার;

(৯) প্রচলিত আইন অনুযায়ী এনার্জির পরিবেশ সংক্রান্ত মান নিয়ন্ত্রণ করা;

(১০) এনার্জির পরিসংখ্যান সংগ্রহ, সংরক্ষণ, পর্যালোচনা এবং প্রচার;

(১১) বিদ্যুৎ উৎপাদন এবং এনার্জি সঞ্চালন, বিপণন, মজুতকরণ, বিতরণ ও সরবরাহ বিষয়ে প্রয়োজনবোধে সরকারকে সহযোগিতা ও পরামর্শ প্রদান; এবং

(১২) কমিশন কর্তৃক যথাযথ বিবেচিত হলে এনার্জি সংক্রান্ত যে কোন কার্য সম্পাদন করা।

## সেবার ক্ষেত্রসমূহ

কমিশন নিম্নবর্ণিত সেবা প্রদান করে থাকে ঃ

(১) বিদ্যুৎ উৎপাদনের জন্য ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি)/স্মল পাওয়ার প্লান্ট (এসপিপি)/ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসার (আইপিপি), কর্মাশিয়াল পাওয়ার প্ল্যান্ট, রেন্টাল পাওয়ার প্লান্ট (আরপিপি) ও সরকারিখাতে বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স প্রদান;

(২) অনুর্ধ্ব ০১ (এক) মেগাওয়াট উৎপাদন ক্ষমতার বৈদ্যুতিক জেনারেটর ব্যবহারের জন্য লাইসেন্স গ্রহণের প্রয়োজনীয়তা হতে অব্যাহতি পত্র প্রদান;

(৩) বিদ্যুৎ বিতরণ ও বিদ্যুৎ সঞ্চালন লাইসেন্স প্রদান ;

(৪) গ্যাস সঞ্চালন, বিতরণ, মজুতকরণের জন্য লাইসেন্স প্রদান ; এবং

(৫) পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুতকরণ, বিপণন ও বিতরণের জন্য লাইসেন্স প্রদান।

## লাইসেন্সের জন্য আবেদন করার নিয়মাবলী

কোন ব্যক্তি/প্রতিষ্ঠান বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, ও বিতরণ গ্যাস সঞ্চালন, বিতরণ ও মজুতকরণ এবং পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুতকরণ, বিপনন ও বিতরণ সংক্রান্ত ব্যবসায়ে আগ্রহী হলে নিম্নবর্ণিত পদ্ধতিতে লাইসেন্সের জন্য আবেদন করবেন ঃ

(১) আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটারহেড প্যাডে কমিশনের সচিব বরাবরে আবেদনপত্রের ফরম চেয়ে লিখতে হবে;

(২) প্রতিসেট আবেদনপত্রের জন্য তফসিল ক(২)-এ নির্ধারিত মূল্য নগদ পরিশোধ করতে হবে;

(৩) আবেদনপত্র দাখিলের সময় ফরমে উলিল্লখিত কাগজপত্র/তথ্যাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ;

(৪) সকল কাগজপত্র আবেদনকারী কর্তৃক প্রতিস্বাক্ষর করে দাখিল করতে হবে; এবং

(৫) আবেদনপত্রের সাথে বিইআরসি কর্তৃক নির্ধারিত তফসিল-ক(১) এ বর্ণিত আবেদন ফি জমা দিতে হবে ।

## আবেদনপত্র যাচাই-বাছাই

লাইসেন্স প্রদান অথবা লাইসেন্স গ্রহণের প্রয়োজনীয়তা হতে অব্যাহতির (লাইসেন্স ওয়েভার) ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির পর কমিশন কর্তৃক নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হয়ঃ

(১) মূল্যায়ন কমিটি আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র পরীক্ষা করে থাকে। তথ্য/কাগজপত্রের ঘাটতি থাকলে আবেদনকারীকে সেসব প্রেরণের অনুরোধ করা হয়। সেগুলো প্রাপ্তির পর একইভাবে পুনঃপরীক্ষা করা হয়ে থাকে।

(২) কমিশনের মূল্যায়ণ কমিটির মূল্যায়নে সিপিপি, এসপিপি, আইপিপি, আরপিপি, কর্মাশিয়াল পাওয়ার প্ল্যান্ট, ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইসেন্স প্রদান অথবা লাইসেন্স ওয়েভারের আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ বিবেচিত হলে তা প্রথমে কমিশনের কমিশন সভায় উপস্থাপন করা হয়। কমিশন সভার সিদ্ধান্ত অনুকূলে হলে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে স্টেকহোল্ডার, সংশিল্পষ্ট সংস্থার প্রতিনিধিবৃন্দ এবং আবেদনকারী বা তার প্রতিনিধির উপস্থিতিতে উন্মুক্ত সভায় উপস্থাপন করে লাইসেন্স দেবার পক্ষে/বিপক্ষে প্রাপ্ত মতামত বিবেচনায় নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। লাইসেন্স ওয়েভারের সার্টিফিকেট এর আবেদন সম্পর্কে উন্মুক্ত সভায় আলোচনা করা হয় না, কমিশন সভায় এতদ্‌বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(৩) গ্যাস সঞ্চালন, বিতরণ, ও মজুতকরণ লাইসেন্সের আবেদন এবং পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুতকরণ, বিপনন, ও বিতরণ লাইসেন্সের আবেদন মূল্যায়ন কমিটির মূল্যায়নে আবেদন পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ বিবেচিত হলে মূল্যায়ন প্রতিবেদন পরবর্তী কমিশন সভায় উপস্থাপন করা হয়। কমিশন সভার সিদ্ধান্তক্রমে লাইসেন্স প্রদানের বিষয়টি উন্মুক্ত সভায় উপস্থাপন করা হয়। উন্মুক্ত সভায় সংশিল্পষ্ট সংস্থা সমূহের প্রতিনিধি, আবেদনকরী বা তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে লাইসেন্স প্রদানের

পড়্গো/বিপড়্গো প্রাপ্ত মতামত বিবেচনায় নিয়ে কমিশন সভাস্থলেই চূড়ান্ত্ম সিদ্ধান্ত্ম প্রদান করে।

(৪) আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর গ্রহণযোগ্য বিবেচিত হলে কমিশন/উন্মুক্ত সভায় লাইসেন্স প্রদানের বিষয়টি অনুমোদিত হয়। সকল কাগজপত্র যথাযথভাবে পাবার পর ৪৫ (পঁয়তালিস্নশ) দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়।

## লাইসেন্স ওয়েভারের জন্য আবেদন

নিম্নবর্ণিত ড়্গেত্রে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান লাইসেন্স হতে অব্যাহতি গ্রহণ করতে পারবেনঃ

(১) অনুর্ধ্ব এক মেগাওয়াট উৎপাদন ড়্গমতাসম্পন্ন সমন্বিত সহ-উৎপাদন (integrated co-generation) বিদ্যুৎকেন্দ্র, ক্যাপটিভ পাওয়ার জেনারেশন কেন্দ্র, ড়্গুদ্র বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, সৌরশক্তি এবং অন্যান্য অপ্রচলিত (non-conventional) উৎস থেকে বিদ্যুৎ উৎপাদনকারী ;

(২) পরীড়্গামূলক বিদ্যুৎ উৎপাদনী সিস্টেম ;

(৩) এনার্জির ড়্গুদ্র বিতরণ সিস্টেম ;

(৪) অনুর্ধ্ব এক টন ড়্গমতার বার্ষিক পরিশোধন ড়্গমতাসম্পন্ন পেট্রোলিয়াম অথবা কনডেনসেট (condensate) পস্ন্যান্ট।

## নির্ধারিত ফি সমূহ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা-২০০৬ এর তফসিল ক ও খ অনুসারে ফি পরিশোধযোগ্য হবে তবে কমিশন প্রয়োজনে এ হার পরিবর্তন করতে পারে।

(১) আবেদন ফি ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা ২০০৬ এর তফসিল-ক তে উলেস্নখিত আবেদন ফি আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে।

(২) বার্ষিক লাইসেন্স ফি ঃ নতুন লাইসেন্স প্রাপ্তি বা লাইসেন্স নবায়নের জন্য উক্ত প্রবিধানমালার তফসিল-খ তে বর্ণিত হারে লাইসেন্স ফি/নবায়ন ফি পরিশোধ করতে হবে।

## আবেদন প্রত্যাখ্যান

(১) আবেদন এবং তৎসঙ্গে সংযোজিত দলিলাদি লাইসেন্সীং প্রবিধানের প্রয়োজনীয় এবং বাংলাদেশে প্রচলিত অন্যান্য আইনের অধীনে সঙ্গতিপূর্ণ না হলে অথবা দাখিলকৃত আবেদন এবং দলিলাদিতে মিথ্যা তথ্য প্রদান করলে অথবা কমিশন আইন, লাইসেন্স প্রবিধান এবং কমিশন কর্তৃক জারীকৃত অন্য কোন প্রবিধানের বিধান অনুসাওে আবেদনকারী কাঙ্খিত কর্মকান্ড পরিচালনায় অযোগ্য বিবেচিত হলে তাঁর আবেদন প্রত্যাখ্যান করা হবে।

(২) আবেদন প্রত্যাখ্যান সংক্রান্ত্ম কমিশন আদেশ প্রদানের অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তা আবেদনকারীকে অবহিত করা হবে।

## আপত্তি প্রদান ও শুনানী গ্রহণ

কোন ব্যক্তি কোন আবেদন সম্পর্কে কমিশনে আপত্তি উত্থাপন করতে হলে নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

(১) লাইসেন্সের জন্য আবেদনপত্র গৃহীত হবার ১৫ (পনের) দিনের মধ্যে আপত্তিনামার স্বাড়্গরিত মূল কপি এবং উহার ৪ (চার) টি অনুলিপি কমিশনের বরাবরে এবং একটি অনুলিপি আবেদনকারীর বরাবরে প্রেরণ করতে হবে;

(২) আবেদনের বিরম্নদ্ধে উত্থাপিত আপত্তিনামায় আপত্তিকারীর নাম ও ঠিকানা সুস্পষ্টভাবে উলেস্নখ করতে হবে;

(৩) আপত্তিনামায় আপত্তির কারণসহ সকল প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে;

(৪) কমিশন কর্তৃক নির্ধারিত নথিভূক্তকরণ ফি আপত্তিনামার সাথে প্রদান করতে হবে;

কমিশনের শুনানী সম্পর্কীত প্রবিধানের আওতায় উক্ত আপত্তিকে কমিশন, লাইসেন্স বিষয়ক শুনানীর অংশ হিসেবে গণ্য করবে।

## গন শুনানী

বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়ামজাত পদার্থ এর ট্যারিফ নির্ধারণে স্বচ্ছতা আনয়ন, সকলের স্বার্থ রক্ষার জন্য সকল পক্ষের সক্রিয় অংশ গ্রহণে কমিশন গণ-শুনানীর আয়োজন করে থাকে।

## তথ্য সেবা

(১) তথ্য ও কাগজপত্র পেতে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফী কমিশনের অনুকূলে জমা দিলে, কমিশন তা সরবরাহ করে থাকে।

(২) এনার্জি সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ এবং ধারণা পেতে হলে কমিশনের সহায়তাকারী নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি বা টেলিফোনে যোগাযোগ করা যেতে পারে ঃ

**(১) সচিব**
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ফোন ঃ ৯১৪ ০১২৫।

**(২) হেল্প ডেস্ক**
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ফোন ঃ ৮১৮ ৯২২৭।

## পরামর্শ/অভিযোগঃ-

উলিস্নখিত সেবাগুলো প্রাপ্তিতে যেকোন রকম অসুবিধা হলে বা কমিশনের কার্যক্রম সংক্রান্ত কোন অভিযোগ/পরামর্শ থাকলে কমিশনের মাননীয় চেয়ারম্যানের সঙ্গে সরাসরি যোগাযোগ করা যেতে পারে ঃ
ফোন ঃ ৮১৫ ৯০৬২।
এছাড়া বিইআরসির ই-মেইল ঠিকানার মাধ্যমেও যোগাযোগ করা যেতে পারে। বিইআরসির ই-মেইল ঠিকানা নিম্নরূপঃ
berc2003@gmail.com

বিদ্যুত বা এনার্জি সাশ্রয়ী বাল্ব বা ও বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করে নিজের খরচ বাঁচান, ও অন্যকে ব্যবহারের সুযোগ দিন।

## তফসিল

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ এর তফসিল 'ক' ও 'খ' মোতাবেক নিম্নরূপ ফি পরিশোধযোগ্য হবে। তবে প্রয়োজনে কমিশন এই হার পরিবর্তন করতে পারে।

**তফসিল - ক**
**[প্রবিধান ৩ (২), ৯(২) ও ১০ দ্রষ্টব্য]**
(১) আবেদন ফি (বিভিন্ন ধরণের সেবা সংক্রান্ত আবেদন ফি)

| ক্রমিক নং | সেবার ধরণ | লাইসেন্সের প্রকার | ফিস |
|---|---|---|---|
| ১. | **বিদ্যুৎ**<br>(ক) উৎপাদন<br>(i) বাণিজ্যিক<br>১। ১৫০ মেগাওয়াট ক্ষমতা পর্যন্ত<br>২। ১৫০ মেগাওয়াট এর অধিক ক্ষমতা<br>(ii) ক্যাপটিক বা ক্ষুদ্র | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ৫,০০০(পাঁচ হাজার)<br>প্রতি মেগাওয়াট এর জন্য |
| | (খ) সঞ্চালন | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ১০,০০০(দশ হাজার) |
| | (গ) বিতরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ৫,০০০(পাঁচ হাজার) |
| ২. | **গ্যাস**<br>(ক) মজুতকরণ<br>১। কনডেনসেট মজুতকরণ<br>২। CNG মজুতকরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ৫,০০০(পাঁচ হাজার)<br>টাকা ৫,০০০(পাঁচ হাজার) |
| | (খ) সঞ্চালন/মজুতকরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন | টাকা ১০,০০০ (দশ হাজার) |

| | | | |
|---|---|---|---|
| | | বা পরিসমাপ্তি | |
| | (গ) বিতরণ/মজুতরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ৫,০০০(পাঁচ হাজার) |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **পেট্রোলিয়াম জাতীয় পদার্থ**<br>(ক) প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুতকরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ১০,০০০ (দশ হাজার) |
| | (খ) এলপি গ্যাস প্রক্রিয়াকরণ/উৎপাদন/ বিপণন/মজুতকরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ৫,০০০(পাঁচ হাজার) |
| | (গ) বিতরণ/বিপণন/মজুতকরণ | লাইসেন্সী হিসেবে তালিকাভূক্তি, নতুন, নবায়ন, সংশোধন বা পরিসমাপ্তি | টাকা ৫,০০০(পাঁচ হাজার) |
| ৪. | **লাইসেন্সের শর্ত হইতে অব্যাহতি** | সকল প্রকার | টাকা ২,০০০ (দুই হাজার) |

## তফসিল-ক
## (২) আবেদন ফি (বিভিন্ন ধরণের আবেদনের জন্য)

| ক্রমিক নং | সেবার ধরণ | ফিস |
|---|---|---|
| ১. | **লাইসেন্সের জন্য দরখাস্ত** | টাকা ৫০০ (পাঁচশত) |
| ২. | **আপত্তিপত্র দাখিল ঃ** | |
| | (ক) আবেদনকারী সরাসরি জড়িত থাকিলে | টাকা ৫০০ (পাঁচশত) |
| | (খ) আবেদনকারী নিজের কোন স্বার্থ না থাকিলে, তবে জনস্বার্থ থাকিলে | টাকা ১০০ (একশত) |
| ৩. | **কোন কোম্পানী কর্তৃক দাখিলকৃত আবেদনের অনুলিপি গ্রহণ ঃ** | |
| | (ক) কমিশনে বিবেচনাধীন আবেদনের ক্ষেত্রে | টাকা ৫০০ (পাঁচশত) |
| | (খ) কমিশন কর্তৃক সিদ্ধান্ত প্রদানের পর | টাকা ১০০ (একশত) |
| ৪. | **কমিশনে রক্ষিত যেকোন কাগজপত্রের অনুলিপি** | টাকা ১০০ (একশত) এবং অনুলিপি/উৎপাদন খরচ। |

## তফসিল-খ
## [প্রবিধান ১৫ (১০) ও ১৬(২) দ্রষ্টব্য]
### বার্ষিক লাইসেন্সিং ফি

| নং | বিবরণ | সেবার ধরণ | ফিস | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.<br><br>২.<br><br>৩. | বিদ্যুৎ ঃ<br>(ক) উৎপাদন<br>(i) বাণিজ্যিক<br>১। ১৫০ মেগাওয়াট ক্ষমতা পর্যন্ত<br>২। ১৫০ মেগাওয়াটের অধিক ক্ষমতা<br>(ii) ক্যাপটিক বা ক্ষুদ্র<br>(খ) সঞ্চালন<br>(গ) বিতরণ<br>**গ্যাস ঃ**<br>(ক) মজুতকরণ<br>১। কনডেনসেট মজুতকরণ<br>২। CNG মজুতকরণ<br>(খ) সঞ্চালন/মজুতকরণ<br>(গ) বিতরণ/মজুতকরণ<br>**পেট্রোলিয়াম জাতীয় পদার্থ ঃ**<br>(ক)প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুতকরণ | ১। বার্ষিক লাইসেন্স ফিস<br>২। বার্ষিক লাইসেন্স ফিস<br>৩। বার্ষিক লাইসেন্স ফিস<br>বার্ষিক লাইসেন্স ফিস<br>১। বার্ষিক লাইসেন্স ফিস<br>২। বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস<br>১। বার্ষিক লাইসেন্স ফিস<br>২। বার্ষিক লাইসেন্স ফিস<br>বার্ষিক লাইসেন্স ফিস<br>১। বার্ষিক লাইসেন্স ফিস<br>২। বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস | টাকা ৫ (পাঁচ) লাখ<br>টাকা ২৫(পঁচিশ) লাখ<br>টাকা ৫(পাঁচ) লাখ<br>টাকা ২৫(পঁচিশ) লাখ<br>টাকা ২৫(পঁচিশ) লাখ<br>টাকায় নিট বিক্রির যাহার মধ্যে ডিউটি বা ভ্যাট অন্তর্ভূক্ত নহে তাহার উপর ০.০৫% (শূন্য দশমিক শূন্য পাঁচ শতাংশ)।<br>টাকা ৫(পাঁচ) লাখ<br>টাকা ১(এক) লাখ<br>টাকা ১৫(পনের) লাখ<br>টাকা ১৫(পনের) লাখ<br>টাকায় নিট বিক্রির যাহার মধ্যে ডিউটি বা ভ্যাট অন্তর্ভূক্ত নহে তাহার উপর ০.০৫% (শূন্য দশমিক শূন্য পাঁচ শতাংশ)।<br>টাকা ৫(পাঁচ) লাখ<br>টাকা ১(এক) লাখ | হিসাবে বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়<br>হিসাবে বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়<br>হিসাবে বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়<br>বছরের প্রতিটি কোয়ার্টার (তিন মাস) শেয় হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রদেয়।<br>হিসাব বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়।<br>হিসাব বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়।<br>হিসাব বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়।<br>বছরের প্রতিটি কোয়ার্টার (তিন মাস) শেয় হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রদেয়।<br>হিসাব বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়। |
| | | বার্ষিক লাইসেন্স ফিস | | হিসাব বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়। |
| | (খ) এলপি গ্যাস প্রক্রিয়াকরণ/ উৎপাদন/বিপণন/মজুতকরণ<br>(গ) বিতরণ/বিপণন/মজুতকরণ | ১। বার্ষিক লাইসেন্স ফিস<br>২। বার্ষিক সিস্টেম পরিচালন লাইসেন্স ফিস | টাকা ১৫(পনের) লাখ<br>টাকায় নিট বিক্রির যাহার মধ্যে ডিউটি বা ভ্যাট অন্তর্ভূক্ত নহে তাহার উপর ০.০৫% (শূন্য দশমিক শূন্য পাঁচ শতাংশ)। | হিসাব বৎসর শুরুর ৩০ দিনের মধ্যে প্রদেয়।<br>বছরের প্রতিটি কোয়ার্টার (তিন মাস) শেয় হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রদেয়। |